Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৮ শ্রাবণ ১৪৩২

DU in Media

12 August 2025

জনকণ্ঠ



চীনের পিকিং বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট অধ্যাপক নিং কির নেতৃত্বে ১১ সদস্যের একটি প্রতিনিধি দল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তার সভাকক্ষে সাক্ষাৎ করে -জনকণ্ঠ

The Country Today



Chinese delegation calls on DU VC

Exchanges views regarding academic collaboration

DU Correspondent

An eleven-member delegation led by Prof. Ning Qi, Vice President of Peking University, China called on Dhaka University (DU) Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan on Monday at the VC's Meeting Room of the university. Other team members were Prof. Li Shujing, Prof. Wu Jiewei, Prof. Wang Hao, Prof. Dr. Wang Xu, Prof. Zhang Xing, Prof. Shi Yue, Zhang Yabing, Ma Yuchen and students Cen Siyi & Jin Yunhao.

Pro-Vice Chancellor (Administration) of DU Prof. Dr. Sayema Haque Bidisha, Pro-Vice Chancellor (Academic) Prof. Dr. Mamun Ahmed and Treasurer Continued to page 2

Exchanges views regarding

Prof. Dr. M. Jahangir Alam Chowdhury were present on this occasion.

During the meeting they discussed matters of mutual interests specially the possibilities of strengthening ongoing joint collaborative academic and research programs on science & technology, environment, language and culture between Dhaka University and Peking University, China. Exchange of teachers, students and cultural teams between the two universities were also discussed in the meeting. Besides, they exchanged views about signing a Memorandum of Understanding (MoU) between Dhaka University and Peking University to promote academic and research collaboration.

নয়া দিগন্ত



চীনের পিকিং বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধিদল ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসির সাথে সাক্ষাৎ করেন ■ নয়া দিগন্ত

ঢাবি ভিসির সাথে পিকিং বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সাক্ষাৎ

অ্যাকাডেমিক সহযোগিতার বিষয়ে মতবিনিময়

চীনের পিকিং বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট অধ্যাপক নিং কির নেতৃত্বে ১১ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সাথে তার সভাকক্ষে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন– অধ্যাপক লি শুজিং, অধ্যাপক উ জিওয়েই, অধ্যাপক ওয়াং হাও, অধ্যাপক ড. ওয়াং জু, অধ্যাপক ঝাং জিং, অধ্যাপক শি ইউ, ঝাং ইয়াবিং, মা ইউচেন এবং শিক্ষার্থী সেন সিয়ি ও জিন ইউনহাও।

এ সময় ঢাবির প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ■ ৪র্থ পৃ: ৫-এর কলামে

ঢাবি ভিসির সাথে

৩য় পৃষ্ঠার পর

ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের পিকিং বিশ্ববিদ্যালয়ের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি, পরিবেশ, ভাষা ও সংস্কৃতি বিষয়ে চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদার করার ব্যাপারে আলোচনা করেন। বৈঠকে দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী এবং সাংস্কৃতিক দল বিনিময় নিয়েও আলোচনা করা হয়। এ ছাড়া তারা শিক্ষা ও গবেষণা সহযোগিতা বৃদ্ধির জন দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতাস্মারক সই নিয়ে মতবিনিময় করেন। **বিজ্ঞপ্তি**।

The Daily Tribunal

DU's 1st Year Undergraduate Program Student Orientation Meeting held



STAFF CORRESPONDENT

The orientation meeting for the 1st year 'Undergraduate Program' students of various institutes and departments under the Faculty of Social Sciences of Dhaka University was held today, Monday, August 11, 2025, at the Student-Teacher Center Auditorium. Dhaka University Pro-Vice Chancellor (Administration) Professor Dr Saima Haque Bidisha spoke as the chief guest at the event.

The event was presided over by Professor Dr Mehzabeen Haque, Director of the Student Guidance and Counseling Office, and the University Treasurer Professor Dr M Jahangir Alam Chowdhury spoke as the special guest. In addition, Dean of the Faculty of Social Sciences Professor Dr Taiyebur Rahman and Proctor Associate Professor Saifuddin Ahmed delivered welcome speeches at the event. Muntaha Hossain of the Department of Criminology and Nishat Sal Sabil of the Leather Engineering and Technology Institute expressed their feelings on behalf of the new students. Chairmen of various departments, directors of various institutes and student advisors were present. Pro-Vice Chancellor (Administration) Professor Dr Saima Haque Bidisha emphasized on strengthening interpersonal relationships and said that university life is a good time to build good relationships and communication with friends and teachers as well as everyone in the society. Good relationships with people make life easier. Through rigorous competitive examinations, students have got the opportunity to get admitted to this best university in the country on the basis of merit and ability. Students should not be disappointed in anything and should develop themselves to be competent with confidence. She urged the students to develop themselves as competent, humane and good citizens by taking the advice of teachers and interacting with good friends.

It is worth noting that students from departments under the Faculty of Social Sciences, Institute of Information Technology, Institute of Statistical Research and Teaching, Institute of Social Welfare and Research, Institute of Modern Languages, Institute of Health Economics, Institute of Disaster Management and Vulnerability Studies and Leather Engineering and Technology Institute participated in the introduction meeting. This orientation program was organized by the Student Guidance and Counseling Office.

The Country Today



Orientation program for 1st year undergraduate students at DU

DU Correspondent

The orientation program for first-year undergraduate program students from various institutes and departments under the Faculty of Social Sciences at the University of Dhaka was held on Monday at TSC Auditorium.

Dhaka University's Pro-Vice-Chancellor (Admin), Prof Dr. Saima Haque Bidisha, was present as the chief guest and delivered a speech.

The event was presided over by the Director of the Student Counseling and Guidance Office, Prof Dr. Mehjabeen Haque. Dhaka University Treasurer, Prof Dr. M. Jahangir Alam Chowdhury, attended as a special guest and gave a speech. Besides, Dean of the Faculty of Social Continued to page 2

Orientation program for

Sciences, Prof Dr. Taiabur Rahman, and Proctor Associate Prof Saifuddin Ahmed delivered congratulatory speeches.

On behalf of the new students, Muntaha Hossain from the Department of Criminology and Nishat Sal Sabil from the Institute of Leather Engineering and Technology shared their feelings. Also present were chairpersons of various departments, directors of different institutes, and student advisors.

Pro-Vice-Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha, emphasizing the importance of strengthening interpersonal relationships, said that university life is the best time to build good relationships and communication with friends, teachers, and all members of society. Good relationships with people make life's journey easier. Students have earned the opportunity to study at this top university in the country through merit and competence in highly competitive examinations. Without being disheartened by anything, students should develop their skills with self-confidence. She urged students to become skilled, humane, and ideal citizens by staying close to teachers' advice and good friends.

সংবাদ

ঢাবি বাস্কেটবলে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ চ্যাম্পিয়ন

সংবাদ স্পোর্টস ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ বাস্কেটবল ফাইনালে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ ৫১-৪৩ পয়েন্টে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের দেবোত্তোষ অনিন্দ্য কালুকলার বর্ষ ১১৫ পেয়ে বসে এই প্রতিযোগিতায় সর্বোচ্চ স্কোরার হন।

এছাড়া, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অকিব হাসান প্রতিযোগিতার সেরা খেলোয়াড়ের পুরস্কার পেয়েছেন।

গতকাল শহীদ শিক্ষা মোস্তফা কিংবদন্তিয়ামে এই প্রতিযোগিতার ফাইনাল খেলেন উপাচার্য ও ঢাকা বিশ্ববিদ্যালয় বাস্কেটবল কমিটির সভাপতি অধ্যাপক ড. এস এম মোস্তফা আল মামুন প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



ঢাবি আন্তঃবিশ্ববিদ্যালয় বাস্কেটবল চ্যাম্পিয়নের পর দুই দলের খেলোয়াড়দের সঙ্গে অতিথিরা (ডানে চ্যাম্পিয়ন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ)

The Country Today

Journalism Department champions in DU Inter-Department Basketball Tournament

Sports Desk

Department of Mass Communication and Journalism (MCJ) has been crowned as the champions of Dhaka University (DU) Inter-Department Basketball Tournament 2025.

They secured the title by defeating the Department of Electrical and Electronic Engineering (EEE) with a final score of 51-43 in the championship match held at the DU Gymnasium on Monday.

Aniruddho Talukdar Bomo, a student from the MCJ department and a national team player, was named the tournament's highest scorer with a total of 115 points throughout the competition.

After winning, Bomo expressed his excitement, saying, "This championship title with my department is on par with the wins I've had representing the country. We've worked very hard for the last six months and our good teamwork is why we became undefeated champions." He also called for more departmental support for sports to achieve greater success.

The award for best player of the tournament went to Akib Hasan from the EEE department. He played a significant role in his team's journey to the final.

Akib mentioned that all his teammates were new to basketball, having primarily played football and he had personally trained them after the COVID-19 pandemic. Despite the loss, he expressed no complaints, acknowledging the hard work and dedication of his team.

MCJ remained undefeated throughout the tournament. They topped their group with three wins, advanced to the quarter-finals where they defeated the Department of International Relations and then won their semi-final match against the Department of Disaster Science and Climate Resilience with a score of 53-34.

In the final, MCJ dominated for the first three quarters. They led the first quarter 8-6 and extended their lead to 16-11 by the end of the second. The third quarter also went to MCJ with a score of 16-13, giving them a commanding 32-24 lead.

Although EEE fought back in the final quarter, with both teams scoring 19-19, MCJ's earlier lead secured their victory.

The prize-giving ceremony was attended by the advisor of the Physical Education Centre and president of the DU Basketball Committee, Professor Dr S.M. Mostofa Al Mamun.

Also present were Professor Dr Mofizur Rahman, Associate Professor Shawntee Haider, and Assistant Professor Marzia Rahman from the Department of Mass Communication and Journalism.





আলোকিত বাংলাদেশ



রোবট্রনিক্স ফেস্টের প্রজেক্ট শোকেসে ঢাবি চ্যাম্পিয়ন

আলোকিত ডেস্ক : 'রোবট্রনিক্স ফেস্ট ২০২৫-এর বিশ্ববিদ্যালয় পর্যায়ের প্রজেক্ট শোকেস প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'Turtle Bot' এবং রানার্স-আপ হয়েছে 'IHABOT' দল। গত শনিবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ফেস্টের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। দু'দিনব্যাপী এ ফেস্টের আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের রোবটিক্স অ্যান্ড মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ। বিভাগীয় চেয়ারপার্সন ড. সেঁজুতি রহমানের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির এবং উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি (আইডিইএ)-এর প্রকল্প পরিচালক মুর্তুজা জুলকার নাঈন নোমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন। ধন্যবাদ জ্ঞাপন করেন বিভাগের সহকারী অধ্যাপক ড. মেহেদী হাসান।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, 'আধুনিক প্রযুক্তির উৎকর্ষ সাধন আমাদের দৈনন্দিন জীবনকে সহজ ও গতিশীল করছে। কৃত্রিম বুদ্ধিমত্তার প্রসারের ফলে ভবিষ্যতে চাকরির বাজারে বড় ধরনের পরিবর্তন আসবে। তাই প্রযুক্তির এই অগ্রযাত্রার সঙ্গে তাল মিলিয়ে তরুণ প্রজন্মকে নিজেদের প্রস্তুত করতে হবে।' উল্লেখ্য, এবারের ফেস্টে দেশের ৫০টি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ২০০টি দল অংশগ্রহণ করে। বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নেয় প্রায় ৯০০ শিক্ষার্থী। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

ইত্তেফাক

রোবোট্রনিকস ফেস্টে প্রযুক্তিপ্রেমী তরুণদের লড়াই



■ ইমদাদুল হক

দেশের প্রযুক্তিপ্রেমী তরুণ-তরুণীদের অংশগ্রহণে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)-এ অনুষ্ঠিত হলো 'রোবোট্রনিকস ফেস্ট ২০২৫'। ঢাবির রোবোটিকস অ্যান্ড মেকাট্রনিকস ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং আরএমই-ডিইউ স্টুডেন্ট ক্লাবের যৌথ উদ্যোগে প্রথমবারের মতো এ ধরনের প্রতিযোগিতার আয়োজন করা হয়। ১০ আগস্ট, রোববার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে এই উদ্ভাবনী প্রযুক্তি প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠান আয়োজিত হয়।

দুই দিনব্যাপী এই ফেস্টে দেশের প্রায় ৫০টি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রায় ৮০০ শিক্ষার্থী অংশ নেন। সকারবট, লাইন ফলোয়ার রোবট, মাইক্রোমাউস, ডিইউ এআই চ্যালেঞ্জ এবং প্রজেক্ট শোকেস—এই পাঁচ ধরনের সেগমেন্টে চলে লড়াই। সকারবোটে প্রতিযোগীরা রিমোট কন্ট্রোল রোবট পরিচালনা করে প্রতিপক্ষের বিপক্ষে গোল দেওয়ার চেষ্টা করেছে। 'লাইন ফলোয়ার রোবট' প্রতিযোগিতায় শিক্ষার্থীদের তৈরি রোবটকে জটিল কিছু লাইন অনুসরণ করে গন্তব্যে পৌঁছাতে হয়েছে। 'ডেটাথন'-এ শিক্ষার্থীরা কৃত্রিম বুদ্ধিমত্তা ও মেশিন লার্নিং প্রযুক্তি ব্যবহার করে তথ্য পর্যবেক্ষণ, মডেলিং ও অনুমান করে বাস্তব সমাধান খুঁজেছে। উদ্ভাবনী প্রকল্প ও গবেষণাভিত্তিক ধারণা উপস্থাপন করা হয় 'প্রজেক্ট শোকেস'-এ। 'মাইক্রোমাউস' ইভেন্ট ছিল ফেস্টের প্রধান আকর্ষণ। এখানে কৃত্রিম বুদ্ধিমত্তা খাটিয়ে একটি গোলকধাঁধার সমাধান করতে হয়েছে এই তরুণদের রোবট তৈরিতে।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাবি কোষাধ্যক্ষ অধ্যাপক এম জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, 'তোমাদের দেখে আমার হিংসা হয়। তোমরা এমন সময় এসেছ, যখন এআই চলে এসেছে। আমরাও নিজেদের ভাগ্যবান মনে করতাম যে গুগলকে পেয়েছিলাম।' জাহাঙ্গীর আলম আরো বলেন, প্রযুক্তি নিয়ে তিনি ভীত নন। এআই হয়তো চাকরি বাজারের কাঠামো পরিবর্তন করবে। কিন্তু চাকরি নষ্ট করবে না। বরং আরো তৈরি করবে। পরিশ্রমের কাজে এই দক্ষতা অনেক ভূমিকা রাখে। কয়েক ঘণ্টার কাজ এক

মূল রচনা

মিনিটে করে দিচ্ছে। এ ধরনের প্রতিযোগিতা বা অলিম্পিয়াডে যারা ভালো করে, বিদেশের নামকরা বিশ্ববিদ্যালয়ে সুযোগ পেতেও তারা এগিয়ে থাকে। তাই প্রতিটি স্কুলে রোবোটিকস এবং এআই ল্যাব স্থাপন করা উচিত। শিশুদের প্রশিক্ষণ দিতে হবে মেশিন লার্নিং ও ডিপ লার্নিংয়ের ওপর।

তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের যুগ্ম সচিব মুর্তুজা জুলকার নাঈন নোমান বলেন, 'দেশে প্রথমবারের মতো আইসিটি বিভাগ ইনোভেশন ডিজাইন এবং এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট নিয়ে কাজ করছে। এটার আওতা এতদিন পর্যন্ত কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে ছিল। এ বছর থেকে প্রতিটি উপজেলা পর্যায়ের স্কুলেও পৌঁছানোর চেষ্টা করা হবে। এ প্রকল্প থেকে গত এক বছরে ইনোভেটিভ আইডিয়ার জন্য ৪১টি স্টার্টআপকে অনুদান দেওয়া হয়েছে। দেশে ও দেশের বাইরে বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর-পড়ুয়ারাও অনুদান পেতে পারেন।'

রোবোটিকস অ্যান্ড মেকাট্রনিকস ইঞ্জিনিয়ারিং বিভাগকে অভিনন্দন জানিয়ে প্রকৌশল এবং প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক উপমা কবির বলেন, 'বিভাগটি এক দশক পার করেছে। এরমধ্যেই অনেক কিছু আয়োজন করেছে। আগামী বছর এই আয়োজন আরো বড় আকারে এবং আরো বেশি মানুষকে সঙ্গে নিয়ে করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় দেশের প্রতি তার অঙ্গীকার থেকে দেশ গড়ার ক্ষেত্রে এবং দেশকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে থাকে।' অনুষ্ঠানের সভাপতি ও রোবোটিকস অ্যান্ড মেকাট্রনিকস ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপারসন অধ্যাপক সেঁজুতি রহমান বলেন, 'এটাই এই বিভাগের প্রথম দেশব্যাপী আয়োজন। প্রথমবারই অভূতপূর্ব সাড়া এসেছে। এত শিক্ষার্থী নিবন্ধন করেছিল যে এক পর্যায়ে নিবন্ধনপ্রক্রিয়া বন্ধ করতে হয়। কারণ, ছোট বিভাগের এত বড় আয়োজন কঠিন। শিক্ষার্থীদের এই আগ্রহ তাদের অনুপ্রাণিত করেছে।' আয়োজনে বক্তব্য দেন অধ্যাপক মোহাম্মদ কামরুজ্জামান, সহকারী অধ্যাপক মো. মেহেদী হাসান প্রমুখ।

সকারবটে বিজয়ী হন গভ. শহীদ সোহরাওয়ার্দী কলেজের দল 'ব্ল্যাক সাবের'। লাইন ফলোয়ার রোবট ও মাইক্রোমাউসে প্রথম হন মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দল 'দুর্বার' এবং ডিইউ এআই চ্যালেঞ্জে (ডেটাথন) পুরস্কার পায় 'চুয়েট আরএস কিউব'। প্রজেক্ট শোকেস স্কুল-কলেজ পর্যায়ে পুরস্কার জেতে রাজশাহী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ। বিশ্ববিদ্যালয় পর্যায়ে বিজয়ী ঢাবির দল 'টার্টেল বট'। প্রতিটি সেগমেন্টে প্রথম পুরস্কার ২৫ হাজার টাকা এবং দ্বিতীয় পুরস্কার ১৫ হাজার টাকা দেওয়া হয়। পাশাপাশি ট্রফি ও সনদ দেওয়া হয়।